# মুক্তিযোদ্ধা প্রকল্পের
## অ্যাপার্টমেন্ট বরাদ্দের আবেদন ফরম
মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র একটি নিজস্ব প্রকল্প

মুক্তিযোদ্ধা
গবেষণা ও কল্যাণ ট্রাস্ট

ফর্ম নং

তারিখ day month year

গ্রাহকের ধরন: বীর মুক্তিযোদ্ধা ☐ শহীদ বীর মুক্তিযোদ্ধা ☐ সন্তান ☐ নাতি-নাতনী ☐ পোষ্য ☐ সরকারি চাকুরীজীবী ☐ বেসরকারি চাকুরীজীবী ☐ প্রবাসী ☐ ব্যবসায়ী ☐ চিকিৎসক ☐ শিক্ষক ☐ অন্যান্য পেশা ☐

বীর মুক্তিযোদ্ধা/সন্তান/নাতি/নাতনী/পোষ্যদের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার নাম.......................................................
বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক..................................... বীর মুক্তিযোদ্ধার পরিচিত নম্বর..............................
গেজেট নম্বর......................................................

আবেদনকারীর নাম:
পিতার নাম:
মাতার নাম:
বর্তমান ঠিকানা:

স্থায়ী ঠিকানা:

আবেদনকারীর ফটো

মোবাইল নম্বর: ফ্যাক্স/ইমেল:
জন্ম তারিখ/বয়স: বৈবাহিক অবস্থা:
ধর্ম: পেশা:
জাতীয়তা: জাতীয় পরিচয় পত্র নম্বর:

**নমিনি:**
নাম:
সম্পর্ক:
জাতীয় পরিচয় পত্র নম্বর:
মোবাইল নম্বর:

নমিনির ফটো

অ্যাপার্টমেন্ট সাইজ: ১০০০ ☐ ১২০০ ☐ ১৫০০ ☐ ২০০০ ☐ বর্গফুট

পে-অর্ডার নং ব্যাংকের নাম
শাখা পে-অর্ডারে টাকার পরিমাণ
টাকার পরিমাণ কথায়
আবেদনকারীর হিসাব নং এবং শাখার নাম (যে হিসাব নম্বরে টাকা ফেরত নিতে ইচ্ছুক)

অফিস কর্তৃক পূরণীয়
গ্রাহক আইডি নং

কাউন্সিলরের নাম ও স্বাক্ষর
পরীক্ষিত
অনুমোদিত স্বাক্ষর

# মুক্তিযোদ্ধা সিটির

## অ্যাপার্টমেন্ট বরাদ্দের নীতিমালা

মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র একটি নিজস্ব প্রকল্প

### শর্তাবলী

- একজন শহীদ বীর মুক্তিযোদ্ধা এক বা একাধিক ফ্ল্যাটের জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও বীর মুক্তিযোদ্ধার ছেলে, মেয়ে বা নাতি/নাতনীরাও পৃথকভাবে আবেদন করতে পারবেন। প্রত্যেক আবেদনকারী আবেদন পত্রের সাথে সদ্য তোলা তিন কপি ছবি এবং নমিনির এক কপি সদ্য তোলা ছবি, ভোটার আইডি/জন্ম নিবন্ধনের ফটোকপি জমা দেওয়া বাধ্যতামূলক।

- প্রতিটি অ্যাপার্টমেন্ট আবেদন করার জন্য প্রত্যেক গ্রাহককে নির্ভুলভাবে আবেদনপত্র পুরণ ও বীর মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ২০০০০.০০ (বিশ হাজার) টাকা মাত্র এবং বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি-নাতনী ব্যতীত অন্যান্য পেশাজীবী আবেদনকারীদের জন্য ২৫০০০.০০ (পঁচিশ হাজার) টাকা মাত্র 'মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র **(MUKTIJODDHA GOBESHONA O KOLLYAN TRUST)** বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। একটি ফ্ল্যাটের জন্য একটিই আবেদনপত্র। একাধিক ফ্ল্যাট বুকিংয়ের জন্য পৃথকভাবে ফরম এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।

- বিদেশে অবস্থানরত সম্মানিত রেমিটেন্স যোদ্ধা (প্রবাসী) আবেদনকারীগণ আবেদনের সমপরিমাণ টাকা বৈদেশিক মুদ্রায় মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র **(MUKTIJODDHA GOBESHONA O KOLLYAN TRUST)** বরাবর টি টি বা ব্যাংক ড্রাফট'র মাধ্যমে পরিশোধ করতে পারবেন।

- কোনক্রমেই নগদ অর্থ গ্রহণযোগ্য হবে না।

- মোট অ্যাপার্টমেন্ট সংখ্যা ২০ হাজার, চার ধাপে ফ্ল্যাট বরাদ্দ দেয়া হবে। চাহিদার তুলনায় আবেদন বেশি জমা হলে, লটারির মাধ্যমে অ্যাপার্টমেন্ট নির্ধারণ করা হবে। লটারির মাধ্যমে কোন গ্রাহক ফ্ল্যাটের জন্য মনোনীত হলে, পে-অর্ডারটি মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র অনুকূলে জমা হয়ে যাবে। অথবা যারা লটারির মাধ্যমে মনোনীত হবেনা, তাদের পে-অর্ডার গ্রাহকের আবেদনপত্রে উল্লেখিত ব্যাংক একাউন্টে ফেরত চলে যাবে। তবে কোন গ্রাহক ইচ্ছে করলে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ধাপেও অংশগ্রহণ করতে পারবে।

- লটারির মাধ্যমে ফ্ল্যাটের কোন গ্রাহক মনোনীত হলে, ট্রাস্টের অফিসে উপস্থিত হয়ে সমস্ত নিয়ম-কানুন সম্পর্কে অবগত হয়ে ফ্লাটের অবস্থান নির্ধারণপূর্বক ফ্লাটের পজেশন গ্রহণসহ চুক্তিপত্র সম্পাদন করতে হবে। লটারির মাধ্যমে ফ্লাট বরাদ্দ পাওয়ার পরও যদি কেউ প্রাপ্ত ফ্ল্যাট বাতিল করতে চান, সেক্ষেত্রে গ্রাহকের জমাকৃত অর্থ গ্রাহকের উল্লেখিত ব্যাংক একাউন্টে ফেরৎ চলে যাবে।

- ফ্ল্যাটের মূল্যের সাথে জমির দাম, জমির উন্নয়ন খরচ, রাস্তা-ঘাট নির্মাণসহ অন্তর্ভুক্ত থাকবে।

- মুক্তিযোদ্ধা সিটির সমস্ত ফ্ল্যাট নির্মাণের মোট খরচ গ্রাহককে হস্তান্তর করা হবে। ফ্ল্যাটের মোট মূল্য গ্রাহক ইচ্ছে করলে এককালীন, কিস্তি বা ব্যাংক লোনের মাধ্যমে পরিশোধ করতে পারবেন। (যারা ব্যাংক লোন নিতে ইচ্ছুক তাদেরকে দীর্ঘ মেয়াদী স্বল্প সুদে 'মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট' প্রয়োজনীয় সহায়তা করবে)।

- মুক্তিযোদ্ধা প্রকল্পের মেয়াদ ৫ বছর। পাঁচ বছরে চার ধাপে মোট ২০ হাজার ফ্ল্যাট হস্তান্তর করা হবে।

- ফ্ল্যাটের জন্য আবেদন করে বা ফ্ল্যাট বরাদ্ধ পাওয়ার পর যদি কোন আবেদনকারী মারা যায় সেক্ষেত্রে তার মনোনীত নমিনিকে যাবতীয় পেপারস বুঝিয়ে দেয়া হবে। অথবা নমিনি ইচ্ছা করলে প্রাপ্ত বরাদ্দ বা আবেদন বাতিল করে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত নিতে পারবে।

- মুক্তিযোদ্ধা সিটির বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধার পরিবার, বীর মুক্তিযোদ্ধার সন্তান, নাতি/নাতনী এবং পোষ্যদের জন্য মোট ৭৫% ফ্ল্যাট বরাদ্দ দেয়া হবে। বাকি ২৫% ফ্ল্যাট মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী বিভিন্ন পেশাজীবী যেমন-চিকিৎসক, ইঞ্জিনিয়ার, শিক্ষক, প্রবাসী, প্রতিবন্ধী, বিশিষ্ট ব্যবসায়ী, সরকারি, বেসরকারি চাকুরিজীবীদের জন্য বরাদ্দ দেওয়া হবে।

- 'মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট' মুক্তিযোদ্ধা সিটি প্রকল্পের স্বার্থে অথবা অনিবার্য কারণবশতঃ যেমন-রাষ্ট্রীয়/রাজনৈতিক কোন সমস্যা, প্রাকৃতিক বা বৈশ্বিক কোন দুর্যোগের কারণে প্রকল্পের নির্মাণ কাজ শেষ করতে বিলম্ব হলে তা আলোচনার মাধ্যমে সমন্বয় করা হবে। অথবা উপযুক্ত কারণবশতঃ প্রকল্পের লে-আউট, ডিজাইন, বিভিন্ন নিয়ম-কানুন, সংযোজন, বিয়োজন, সংশোধন করার ক্ষমতা 'মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট' সংরক্ষণ করে।

- প্রকল্পের যাবতীয় নিয়ম-কানুন এর মধ্যে সরকারি নীতিমালাকে অনুসরণ করা হবে।'মুক্তিযোদ্ধা সিটির' বীর মুক্তিযোদ্ধা বা তাদের পরিবারবর্গের কল্যাণে নিবেদিত 'মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট'র নিজস্ব একটি প্রকল্প।

### আবেদনকারীর হলফনামা

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উক্ত আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য ও বিবরণ আমার জানা মতে সত্য এবং আমি কিছু গোপন বা ভুল তথ্য প্রদান করিনি। আমি আরো ঘোষণা করছি যে,মুক্তিযোদ্ধা গবেষণা ও কল্যাণ ট্রাস্ট কতৃর্ক মুক্তিযোদ্ধা সিটির প্রকল্পের অ্যাপার্টমেন্ট বরাদ্দের যাবতীয় শর্তাবলী বুঝেছি এবং অবগত হয়েছি। উক্ত প্রকল্পের যেকোন নীতিমালা, অ্যাপার্টমেন্ট বরাদ্দ বা বাতিল করার জন্য বোর্ড অব ট্রাস্টির সংরক্ষিত অধিকার সম্পূর্ণভাবে স্বীকার করি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

কর্পোরেট অফিস

বাসা ৩৩৪ রোড ২৩ মহাখালী ডি ও এইচ এস , ঢাকা -১২১৩, বাংলাদেশ

ফোন: + ৮৮ ০২ ২২ ৪৪১৫৪৮৪ ফ্যাক্স: + ৮৮ ০২ ২২ ৪৪১৫৪৮৪ ওয়েবসাইট: www.mgkt.org.bd Emai: info@mgkt.org.bd